

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.০৩.০০০০.০০০.০০২.৩৩.০০০৮.১৭.৪৯৮

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: নবগঠিত গাজীপুর মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার এর কার্যালয়সহ অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদর থানাধীন গাজীপুর জেলার চান্দনা মৌজায় ১.০০ একর জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তর এর অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রত্যাশী সংস্থার স্মারক নং-গাজীপুর মেট্রো পু./ডিসি এক্টেট/২০২৫/৭৬; তারিখ: ০৩ নভেম্বর ২০২৫ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কর্তৃক নবগঠিত গাজীপুর মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার এর কার্যালয়সহ অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদর থানাধীন গাজীপুর জেলার চান্দনা মৌজার ৪৪ নং জে.এল, ৪৬২, ৪৬৩, ৪৬৪ নং আর.এস দাগে মোট ১.০০ একর জমি অধিগ্রহণে আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

উল্লেখ্য, প্রস্তাবিত জমিতে কোন মসজিদ, মন্দির গীর্জা, কবরস্থান, স্কুল কলেজ, মাদ্রাসাসহ কোন ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান নাই।

শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৩) গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত শর্তাবলী অনুসরণ করতে হবে।


উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

০১. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত জমির দাগসূচি

সকল সংযুক্তিসমূহ:

(১) পরিদর্শন প্রতিবেদন



২৯-১২-২০২৫

আহমেদ আখতারজ্জামান

সিনিয়র প্ল্যানার

২২৩৩৮৪৯৩১

akhtar_udd@yahoo.com

উপ-পুলিশ কমিশনার (এস্টেট এন্ড ডেভেলপমেন্ট), পুলিশ কমিশনারের কার্যালয়, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।

।

স্মারক নম্বর: ২৫.০৩.০০০০.০০০.০০২.৩৩.০০০৮.১৭.৪৯৮/১ (৫)

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৩। প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৪। সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



২৯-১২-২০২৫

মোঃ সাইফুর রহমান

প্ল্যানার